

আরশি নগর

আরশি নগরে পড়শি বসত করে।
ধান ভেসে গেছে, মানুষ মড়কে মরে।।

লতাপাতা জামা, চিত্রিত দুটি ভু,
সূর্য হাসায় শুপুরির ফুহারাকে,
শাঁখের শব্দে আলিপুৰে ফেৰে হাঁস,
পড়শি আমার উঠলো পণ্ডিয়াকে।
•6 - 29— মনুমেণ্টের নিচে।
জনসভা তাকে ডাকে।

ডুবে গেছে কত শান্তির সংসার।
এস্ত গোর দুটি চোখ দ্যাখে ভয়,
ধরে আছে লোকে উঁচু বাড়িটির চুড়ো,
সাহায্য দরকার।

জলে ভাসে ঘর--সাস্তুনা দরকার।
কাপড় অন্ন নিয়ে উড়ে যায় প্লেন,
তারায়-তারায় অনন্ত শাদা রোদ,
গুনতে পারিনে আর।

গণক প্রেমিক ভিক্ষুকে গুলজার
পসী শহর----কোথায় আরশি তার?

রমেন্দ্রকুমার র

